

**জ্ঞানমূলক**

১. কালাপাহাড় কে?
২. মুসাফির কত বছর প্রভূকে ডাকেনি?
৩. ‘মানুষ’ কবিতায় পথিকের বস্ত্র কীরূপ ছিল?
৪. ‘চক্রবাক’ কোন জাতীয় সাহিত্য?
৫. মোল্লা পথিককে খাবার দেয়নি কেন?
৬. ‘মানুষ’ কবিতায় ভুখারি শব্দটি কতবার ব্যবহৃত হয়েছে?
৭. ‘মানুষ’ কবিতায় কী কারণে কষ্ট ক্ষীণ হয়েছে?
৮. ‘মানুষ’ কবিতায় ভজনালয়ের তালা দেওয়া দ্বার ভেঙ্গে ফেলার জন্য কাদের বলা হয়েছে?
৯. ‘সব দেশে সব কালে ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি’ এই পঙক্তিতে তিনি কে?
১০. কাজী নজরুল ইসলাম লেখাপড়া করেন কোন স্কুলে?
১১. ‘তা হলে শালা সোজা পথ দেখ’ - মোল্লা সাহেব কেন মুসাফিরকে এ কথা বলেছিল?
১২. ‘সাম্য’ শব্দের অর্থ কী?
১৩. কাজী নজরুল ইসলামকে ডি-লিট উপাধি প্রদান করে কোন বিশ্ববিদ্যালয়?
১৪. কাকে দুয়ার খোলার কথা বলা হচ্ছে?
১৫. ‘দেখিয়া’ শব্দের চলিত রূপ কোনটি?

**সৃজনশীল প্রশ্ন**

ফকির লালন শাহ তাঁর গানে বলেছেন, সবাই মানুষ। সবাই সমান বর্ণের। তাঁর মতে, মানুষের একটাই ধর্ম ও জাতি- সেটা হলো মানবজাতি। আমাদের মূল পরিচয় আমরা মানুষ এবং আমাদের সবার রক্ত এক ও অভিন্ন- লাল।

ক) ‘মানুষ’ কবিতাটি কে লিখেছেন?

খ) “আশিটি বছর কেটে গেল, আমি ডাকিনি তোমায় কভু/  
আমার ক্ষুধার অন্ত তা বলে বন্ধ করনি কভু।” চরণ দুটির মর্মার্থ ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকের লালন শাহ এবং ‘মানুষ’ কবিতার কবির মনোভাবের সাদৃশ্য ব্যক্ত কর।

ঘ) ‘আমাদের মূল পরিচয় আমরা মানুষ।’ কবিতার আলোকে উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর।